কালের কণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 1

### শিক্ষা দিবস পালিত

# সব শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবি

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষা দিবসে সব শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবি জানিয়েছে দুটি শিক্ষক সংগঠন। গতকাল রবিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) এবং কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট এক মানববন্ধনে এ দাবি জানায়।

১৯৬২ সালের এই দিনে পাকিস্তানি শাসন, শোষণ ও শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে লড়াই করতে গিয়ে শহীদ হন ওয়াজিউল্লাহ, গোলাম মোস্তফা, বাবুলসহ নাম না জানা অনেকে। তাঁদের স্মরণে এ দিনটিকে 'শিক্ষা দিবস' হিসেবে পালন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য 'মানবতার সপক্ষে, মানবাধিকার সুরক্ষায়, মানবসম্পদ উন্নয়নে শিক্ষা'।

কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক-কর্মচারী ফ্রন্টের সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, 'যে শিক্ষা মানবতার পক্ষে, মানবাধিকার সংরক্ষণে, নারী-শিশু-বয়স্ক মানুষের প্রতি সম্মান প্রদর্শন করে তাই প্রকৃত শিক্ষা। এবারের শিক্ষা দিবসের মূল প্রতিপাদ্যও এটাই।' তিনি শিক্ষাব্যবস্থা জাতীয়করণসহ বেশ কিছু দাবিও তুলে ধরেন।

স্বাশিপ আয়োজিত মানববন্ধনে উত্থাপিত অন্যতম দাবিগুলোর মধ্যে আরো ছিল, শিক্ষকদের পেশার উন্নয়ন, শিক্ষার গুণগত মান ও শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি, বেসরকারি শিক্ষকদের ৫ শতাংশ প্রবৃদ্ধি, বৈশাখী ভাতা, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও নন-এমপিও শিক্ষকদের এমপিওভুক্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে